

বলিকবাত্রা

বুধবার, নভেম্বর ১৯, ২০২৫ ■ অগ্রহায়ণ ৪, ১৪৩২



এনএসইউতে আল্লামা ইকবালের শাহীন ভাবনা-বিষয়ক সেমিনার

নর্থ সাউথ ইউনিভার্সিটিতে (এনএসইউ) 'আল্লামা ইকবালের শাহীন (ঈগল) ভাবনা ও আজকের তরুণ সমাজ' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। গতকাল আয়োজিত এ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন এনএসইউ বোর্ড অব ট্রাস্টিজের সদস্য এমএ কাশেম। মূল বক্তব্য রাখেন পাকিস্তানের পাঞ্জাব বিশ্ববিদ্যালয়ের ওরিয়েন্টাল কলেজের উর্দু ভাষা ও সাহিত্য ইনস্টিটিউটের পরিচালক ড. বশিরা আমব্রিন। এ সময় পাকিস্তানের ডেপুটি হাইকমিশনার মুহাম্মদ ওয়াসিফ, ন্যাশনাল ব্যাংক অব পাকিস্তানের বাংলাদেশ কান্ট্রি হেড ও সিইও মো. কামরুজ্জামান, এনএসইউর ট্রেজারার আব্দুর রব খানসহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।